# ECHO OF HIS CALL

ECHO OF HIS CALL
REACHING NATIONS
SINCE 1969
1969 TO 2029

# আহ্বানের প্রতিধ্বনি

**BENGALI**

*India's National Spiritual Newspaper*

₹ 10/-

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor: Rev. Dr. ANJAN KUMAR SINGH

**Vol. XXVII** YEAR OF OUR LORD JESUS CHRIST, 2025 DECEMBER **No 11**


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন
প্রভুর প্রশংসা হোক
যিশাইয় ৯: ২-৬

২। যে জাতি অন্ধকারে বসবাস করত, তারা এক মহাজ্যোতি দেখতে পেয়েছে; যারা মৃত্যুচ্ছায়ার দেশে বসবাস করত, তাদের উপরে এক জ্যোতির উদয় হয়েছে।

৩। তুমি সেই জাতির বৃদ্ধি করেছ এবং তাদের আনন্দ বর্ধিত হয়েছে; তারা তোমার সম্মুখে উল্লসিত হয় যেমন লোকে শস্যচয়নের সময়ে করে,যেমন যোদ্ধারা আনন্দ করে, যখন তারা লুণ্ঠিত বস্তু বিভাগ করে।

৪। যেমন তোমরা মিদিয়নকে পরাস্ত করার সময় করেছিলে, তাদের দাসত্বের জোয়াল তোমরা ভেঙে ফেলবে, তাদের কাঁধ থেকে ভারী বোঝা তুলে ফেলবে, তোমরা নিপীড়নকারীদের লাঠি ভেঙে ফেলবে।

৫। যুদ্ধে ব্যবহৃত প্রত্যেক যোদ্ধার জুতো ও রক্তে ভেজা প্রত্যেকটি পোশাক অবশ্য দগ্ধ করা হবে, সেগুলি আগুনের জ্বালানি স্বরূপ হবে।

৬। কারণ আমাদের জন্য এক শিশুর জন্ম হয়েছে, আমাদের কাছে এক পুত্রসন্তান দেওয়া হয়েছে, রাজ্যের শাসনভার তাঁরই কাঁধে দেওয়া হবে। আর তাঁকে বলা হবে আশ্চর্য পরামর্শদাতা, পরাক্রমী ঈশ্বর, চিরন্তন পিতা, শান্তিরাজ।

## প্রকৃত জ্যোতি
## প্রভু যীশু খ্রীষ্ট
## আপনার অন্ধকার দূর করবেন

**THE TRUE LIGHT JESUS CHRIST WILL REMOVE YOUR DARKNESS!**

*Sis. Angel*



আমাদের প্রভু যীশু খ্রীষ্টের নামে তাঁর আহ্বানের প্রতিধ্বনির বৃহত্তর পরিবারকে শুভ বড়দিনের শুভেচ্ছা জানাই।

যীশুর জন্ম সত্যিই ২৫শে ডিসেম্বর হয়েছিল কিনা সেই প্রশ্নে অনেকেই বিতর্ক করে আমাদের বড়দিন উদযাপন করা উচিত কি না। যাইহোক, এটা আমাদের ফোকাস হওয়া উচিত নয়। অনস্বীকার্য সত্যটি হচ্ছে যে তিনি জন্মগ্রহণ করেছিলেন—ঈশ্বর একটি শিশুরূপে এই পৃথিবীতে এসেছিলেন, আমাদের পরিত্রাণের জন্য তাঁর মৃত্যু পূর্বনির্দিষ্ট ছিল। আসুন আমরা এই কথা প্রকাশ্যে ঘোষণা করার জন্য এই সুযোগটি ব্যবহার করি যে যীশু খ্রীষ্টই এই সময়ের সংগত কারণ।

বড়দিন মানে কেনাকাটা, সাজানো, সান্তাক্রস, অথবা উৎসবের ঐতিহ্য নয়। এটি হচ্ছে যীশু খ্রীষ্টের জন্মের প্রকৃত উদ্দেশ্য ঘোষণা করা এবং সহভাগিতা করা।

(ক্রমশঃ, ৩পাতায়)




তাঁর আহ্বানের প্রতিধ্বনি

**ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল!**

আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

**Message & Prayer in 5 minutes!!**

ইংরেজি, হিন্দি, তামিল ও তেলুগু
Every day – From 2.00 A.M.

৫ মিনিটের বাণী!!
তামিল এবং তেলেগু - ভোর ৫টা
তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০

ECHO OF HIS CALL
REACHING NATIONS
SINCE 1969
1969 TO 2029

# আহ্বানের প্রতিধ্বনি – (Marching towards 60th year)
Estd. 1969

## *from your dearly beloved brother...*





**... When the fullness of the time had come, God sent forth His Son, born of a woman, born under the law, - Galatians 4:4.**

### আমাদের মিশনের নীতি

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।

খ্রীষ্টে প্রিয় ভাই ও বোনেরা,

ঈশ্বরের অনুগ্রহে, আমরা এই বছরের শেষ মাসে পৌঁছেছি। প্রভু, যিনি নিরন্তর আমাদের রক্ষা করেছেন, পরিচালিত ও শক্তিশালী করেছেন আমাদের পরিচর্যা কাজে — তিনি ভালো, এবং সমস্ত প্রশংসার যোগ্য।

আমাদের চার্চের নেতৃবর্গ, তাঁর আহ্বানের প্রতিধ্বনির কর্মীগণ, নহিমিয় বাইবেল কলেজের শিক্ষকবৃন্দ, সেন্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুল এবং প্রিন্টিং প্রেস দলের সদস্যরা প্রার্থনাসহ এবং নিষ্ঠার সঙ্গে আগামী বছরে আমাদের পরিচর্যা কাজ সম্প্রসারণের পরিকল্পনা করছেন।



প্রধান মণ্ডলীতে যুব পরিচর্যার নেতা ও নেত্রীগণ

সেন্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুলে অধ্যয়নরত অনেক শিক্ষার্থী শারীরিক চ্যালেঞ্জ বা অন্যান্য কঠিন পরিস্থিতির মুখোমুখি হয়। তাদের পটভূমি সম্পর্কে জানা এবং তাদের বেদনাদায়ক অবস্থার কথা শোনা প্রায়ই হৃদয়বিদারক। কিন্তু আমাদের শিক্ষকবৃন্দ গভীর সহানুভূতি ও প্রতিশ্রুতির সাথে তাদের শিক্ষা, লালন-পালন এবং যত্ন নেওয়ার কাজ অত্যন্ত নিষ্ঠার সাথে চালিয়ে যাচ্ছেন।



*Speech by Sister Dr. Renuka on Children's Day at our St. Paul's Matriculation School*

আমাদের চার্চের কর্মীরা আন্তরিক ভক্তি দিয়ে প্রভুর সেবা করে যাচ্ছেন। বিশেষ করে, আমাদের মহিলা প্রার্থনা দল, পুরুষ প্রার্থনা দল, দেশ প্রার্থনা দল, উপবাস প্রার্থনা দল, ইউটিউবে পরিচর্যাকারী দল, সাণ্ডেস্কুল শিক্ষক দল এবং প্রশাসনিক কর্মীরা আমাদের দেশ ও চার্চের পুনর্জাগরণের জন্য আন্তরিকভাবে প্রার্থনা করছেন এবং আমাদের পরিচর্যাগুলির ধারাবাহিক বিকাশের জন্য প্রতিজ্ঞাবদ্ধ। আমরা আপনাকেও আন্তরিকভাবে এই প্রার্থনা পরিচর্যায় অংশগ্রহণের আমন্ত্রণ জানাই। এই মাস জুড়ে, আমরা বিভিন্ন কর্মসূচির পরিকল্পনা করেছি যাতে সুসমাচার অপ্রসারিত লোকদের কাছে পৌঁছানো যায় এবং তাদের ঈশ্বরীয় জীবনের পূর্ণতার

**HON. EDITOR-IN-CHIEF**
Rev. Dr. Angeline S. Kumari, M.A., M.Sc., M.Ed.
**EX MANAGING EDITOR**
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.
**GENERAL MANAGER**
Bro. N. Prakasam, M.A., M.Sc.(C&P), PGDHRM, MBA.
**ADMINISTRATION**
Sis. Jesy Veena Sam
Adv. K. Puratchivendan, M.Com., C.A., B.L.
Dr. P.E.R. Premchand, M.Sc., M.A., M.Ed., Ph.D.
Dr. C.G.S. Baburao, B.Tech., M.Tech. (DM), Ph.D.
Dr. Rabinder Boaz, M.S. (CMC)
**EDITORIAL BOARD**
Dr. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Sis. Sajini Cherian
Rev. Dr. K.R. Rajasekaran
Rev. Dr. William Robert, Ph.D., DD, D.Lit.
**EDITOR, PUBLISHER & PRINTER**
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 98412 71858
95661 31858
**E.MAIL**
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in
**WEBSITES**
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.org
**YOUTUBE CHANNEL**
Echo of His Call

**Our Ministries:** ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) ▫ BIBLECOR - Postal Courses (3 languages) ▫ YouTube Ministry ▫ Online Courses ▫ Theological Correspondence Courses (2 languages) ▫ Church Planting ▫ Nehemiah Bible Colleges ▫ Gospel Printing Press ▫ Great Commission Partners ▫ St. Paul's Matriculation School ▫ Crusades ▫ Community Development



উপবাস প্রার্থনা দল

দিকে পরিচালিত করা যায়। আমরা আন্তরিকভাবে অনুরোধ করছি যে, এই প্রচেষ্টাগুলির জন্য আপনারা অবিরত প্রার্থনা করবেন।

আপনাদের বিশ্বস্ত প্রার্থনা, মাসিক আর্থিক সহায়তা এবং সারা ২০২৫ সাল যাবৎ আপনাদের উদার অনুদানের জন্য আমরা গভীরভাবে কৃতজ্ঞ। পরিচর্যা কাজে আপনাদের অংশীদারত্ব আমাদের জন্য বিরাট আশীর্ব্বাদ হয়েছে। আগামী দিনগুলিতেও আপনাদের অবিরত প্রার্থনা ও অটল সমর্থনের জন্য আমরা আপনাদের উৎসাহ দিচ্ছি।

এই আনন্দঘন মরশুমটি উদযাপন করতে গিয়ে, আমরা আপনাদের সবাইকে জানাই শুভ বড়দিন এবং আশীর্ব্বাদপূর্ণ নতুন বছর, ২০২৬!

আমাদের প্রভু যীশু খ্রীষ্টের অনুগ্রহ আপনাদের সকলের সঙ্গে থাকুক।

যীশু খ্রীষ্টে আপনাদের দাস,

পাস্টর এস. স্যাম সেলভা রাজ E.mail : sam@echoofhiscall.org

(ক্রমশঃ, ১ পাতার পর)

**"পরজাতিদের (সমস্ত জাতির লোকদের) কাছে প্রকাশিত হওয়ার জন্য ইনিই সেই জ্যোতি..."** (লূক ২:৩২)।

**"যতক্ষণ আমি জগতে আছি, আমিই জগতের জ্যোতি হয়ে আছি"** ( যোহন ৯:৫)। সুতরাং বড়দিন হচ্ছে এই মহান আলোর উদযাপন।

এখন আমরা দেখবো এই জ্যোতি সম্পর্কে বাইবেলে কী বলা হয়েছে:

**"এমতাবসবস্থায় পৃথিবী নিরবয়ব ও ফাঁকা ছিল, গভীরের উপরের স্তরে অন্ধকার ছেয়ে ছিল, এবং ঈশ্বরের আত্মা জলের উপর ভেসে বেড়াচ্ছিলেন"** (আদি ১:২)। এমনকি শুরুতে, পৃথিবীতে অন্ধকার ছেয়ে ছিল, তথাপি ঈশ্বরের আত্মা এর উপরে ভেসে বেড়াচ্ছিল, এটি স্পর্শহীন এবং অকম্পিত ছিল।

**"সেই জ্যোতি অন্ধকারে আলোক বিকিরণ করে, কিন্তু অন্ধকার তা উপলব্ধি করতে পারেনি"** ( যোহন ১:৫)।


অন্যান্য অনুবাদগুলিতেও এই বিষয়টিকে সুন্দরভাবে প্রকাশ করা হয়েছে:

**অন্ধকার এটি কখনও নির্বাপিত করতে পারে না।** (NLT)

**অন্ধকার এটি উপলব্ধি করতে পারেনি।** (KJV)

**অন্ধকার এটি বুঝতে পারেনি অথবা এর উপর কতৃত্ব করতে পারেনি।** (AMP)

যেখানে আলো আসে, অন্ধকার অদৃশ্য হয়ে যায়। এই দুটির মধ্যে কোনও সংগ্রাম নেই - আলো সর্বদা জয়ী হয়।



অন্ধকার যা আলো থেকে পালিয়ে যায়

## ১। পাপের মধ্যে দিয়ে আলোর প্রভা

পাপ মানুষকে ঈশ্বর থেকে বিচ্ছিন্ন করেছে। আমরা সবাই তাঁর মহিমা থেকে পতিত হয়েছি। সৃষ্টির মূল উদ্দেশ্য- ঈশ্বর ও মানুষের মধ্যে সম্পর্ক- এদোন উদ্যানে ভেঙ্গে গিয়েছিল, যেখানে ঈশ্বর ও মানুষের মধ্যে একটি গভীর দূরত্ব তৈরী হয়।

কোনো পরিমাণ পশুবলিই আমাদের পাপের প্রকৃত প্রায়শ্চিত্ত করতে পারত না। শুধুমাত্র ঈশ্বরের নিখুঁত মেষশাবক, যীশু খ্রীষ্টের আগমন ও তাঁর আত্মত্যাগই আমাদেরকে পিতার সাথে পুনর্মিলিত করতে পারতো।

ঈশ্বরের সাথে আমাদের পুনরায় যুক্ত করতে যীশু এই জগতে এসেছিলেন-পাপের ফলে যে সম্পর্ক ভেঙ্গে গিয়েছিল তা মেরামত করতে তিনি এসেছিলেন। তাঁর অমূল্য রক্তের মাধ্যমে, আমরা এখন ভয় বা দ্বিধা ছাড়াই ঈশ্বরের সামনে আসার সুবিধা পেয়েছি।

শয়তান বহু মানুষের মনকে মিথ্যা ধারণা ও জাগতিক বিভ্রান্তির মাধ্যমে অন্ধ করে দিয়েছে। এই

## অত্যন্ত জরুরী বিজ্ঞপ্তি




অদূর ভবিষ্যতে **তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ডাক মারফৎ প্রেরণের বিষয় অবশ্যম্ভাবী বাধার সম্মুখীন হতে পারে। আপনি যদি বাধাহীনভাবে নিয়মিত পত্রিকাটি পেতে চান, তাহলে এখনই পত্র, ইমেল, ফোন কল, অথবা এসএমএস/ হোয়াটস্ অ্যাপ বার্তার মাধ্যমে আপনার নাম, ঠিকানা, ইমেল, হোয়াটস্ অ্যাপ নম্বর পাঠিয়ে দিন।

আপনার সহায়তা আরও উত্তমরূপে পরিষেবা দিতে আমাদের সাহায্য করবে!

**Our address:**

**ECHO OF HIS CALL,**
**10, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005, India**
**Cell: (+91) 98412 71858 / 98410 71858 E.mail: sam@echoofhiscall.org**



আমাদের ঈশ্বরের জ্যোতির প্রয়োজন

আত্মিক অন্ধকারে পথচলার জন্য, আমাদের ঈশ্বরের আলো প্রয়োজন। পৃথিবী যেসব বিষয়কে "স্বাভাবিক" বলে থাকে, সেগুলো সরাসরি ঈশ্বরের সত্যের বিপরীত।

প্রভু আমাদের হৃদয়ে তাঁর জ্যোতির কিরণ দিন, আমাদের এবং তাঁর মধ্যে যা কিছু বিঘ্নস্বরূপ তা প্রকাশ করুন- যাতে আমরা আমাদের সহভাগিতা পুনরুদ্ধার করতে পারি।

## ২। অন্ধকারে আলো জ্বলে

যেদিকেই তাকাই, আমরা অন্ধকার দেখি— যুদ্ধ ,দারিদ্র, দুর্নীতি, অপরাধ, ঘৃণা এবং নৈতিক অবক্ষয়। তরুণেরা হতাশায় ডুবে আছে;কেউ কেউ এমনকি নিজের জীবনও শেষ করে ফেলে। সমাজ পাপকে মহিমান্বিত করে এবং ধার্মিকতাকে উপহাস করে। মনে হয় যেন পৃথিবী প্রতিদিন আরও অন্ধকার হয়ে উঠেছে।

আমরা প্রায়ই লোকদের বলতে শুনি: "আমাদের সময়ে সবকিছু ভিন্ন ছিল।" শিক্ষা,প্রযুক্তি এবং কৌতূহল অনেক দরজা খুলে দিয়েছে — কিন্তু এদের সবই ঈশ্বরের কাছ থেকে আসে না।

বাইবেলে আমাদের এই শেষ দিনগুলির বিষয় সতর্ক করা হয়েছে:

**"... শেষের দিনগুলিতে ভীষণ দুঃসময় ঘনিয়ে আসবে; মানুষেরা হবে আত্মপ্রেমী, অর্থপ্রিয়,দাম্ভিক, অহংকারী, পর-নিন্দুক, পিতামাতার অবাধ্য, অকৃতজ্ঞ, অপবিত্র, প্রেমহীন, ক্ষমাহীন, কুৎসা-রটনাকারী, আত্ম-সংযমহীন, নৃশংস, ভালো কিছুর অ-প্রেমিক, বিশ্বাসঘাতক, বেপরোয়া, গর্বান্ধ ঈশ্বরকে ভালোবাসার চেয়ে তারা ভোগবিলাসকেই বেশি ভালোবাসবে। তারা ভক্তির ছদ্মবেশ ধারণ করবে, কিন্তু তার পরাক্রমকে তারা অস্বীকার করবে। তুমি তাদের সঙ্গে কোনো সম্পর্ক রেখো না"** (২ তীমথিয় ৩:১-৫)।

এই নৈতিক অবক্ষয়ের পর, পৌল যোগ করেছেন, "এই ধরণের লোকদের সঙ্গে কোনও সম্পর্ক না রাখতে।"

এমনকি যখন পৃথিবী অন্ধকার হবে, তখন আপনাকে ঈশ্বরের গৌরবের জন্য আলো দিতে হবে।



যে জাতি অন্ধকারে বসবাস করত, তারা এক মহাজ্যোতি দেখতে পেল

**"যে জাতি অন্ধকারে বসবাস করত, তারা এক মহাজ্যোতি দেখতে পেল; মৃত্যুচ্ছায়ার দেশে যাদের বসবাস ছিল, তাদের উপরে এক জ্যোতির উদয় হল"** (মথি ৪:১৬)।

এই বড়দিনের মরশুমে, আমি প্রার্থনা করি যে ঈশ্বর যেন আমাদের প্রতিটি অন্ধকারের মধ্যে আলো প্রবাহিত করেন-শুধু এই পৃথিবীতে নয়, বরং আমাদের পরিবারে, আমাদের ব্যক্তিগত জীবনে এবং আমাদের কর্মক্ষেত্রেও। তিনি যেন ঘোষণা করেন যে তিনি আমাদের জগতের জ্যোতি-আমাদের ঘরে, আমাদের সন্তানদের জীবনে, আমাদের বিবাহে, আমাদের শিক্ষায়, আমাদের স্বাস্থ্য ও আর্থিক অবস্থায়।

আমাদের বিরুদ্ধে ডাক্তার, আত্মীয়স্বজন, নেতা বা কর্তৃপক্ষের বলা প্রত্যেক নেতিবাচক কথামালা ঈশ্বরের আলোতে ভেঙে যাক।

যখনআমরা নতুন বছরে প্রবেশ করতে যাচ্ছি, আমরা যেন যীশু খ্রীষ্টের আলো দ্বারা বিশ্বাস ও স্পষ্টতা নিয়ে চলতে পারি।

**"তুমি, হে সদাপ্রভু, আমার প্রদীপ জ্বালিয়ে রাখো; আমার ঈশ্বর আমার অন্ধকার আলো করে"** (গীত ১৮:২৮)।

## ৩। ভয়ের মধ্যে দিয়ে আলো জ্বলে ওঠে

যখন খ্রীষ্টের জন্মের সুসংবাদ রাখালদের কাছে ঘোষণা করা হয়েছিল, তারা আতঙ্কিত হয়েছিল।

**"প্রভুর এক দূত তাঁদের সামনে আবির্ভূত হলেন, ও প্রভুর প্রতাপ তাদের চারপাশে উজ্জ্বল হওয়ায় তারা ভীতচকিত হয়ে উঠল। কিন্তু দূত তাদের বললেন, "ভয় কোরো না, আমি তোমাদের কাছে এক মহা আনন্দের সুসমাচার নিয়ে এসেছি— এই আনন্দ হবে সব মানুষেরই জন্য"** (লূক ২:৯-১০)।

ভাবুন তো, যখন স্বর্গের আলো রাত্রির আকাশ ভেদ করে ফুটে উঠল,তখন তাদের ভয় কেমন ছিল!

যখন গাব্রিয়েল এসেছিলেন, তখন মরিয়মও ভয় পেয়েছিলেন।



মরিয়ম, ভয় পেয়ো না

**"তাঁর কথা শুনে মরিয়ম অত্যন্ত বিচলিত হলেন...কিন্তু দূত তাঁকে বললেন,"মরিয়ম, ভয় পেয়ো না..."** (লূক ১:২৯-৩০)।

ভয় বাস্তব - কিন্তু যখন যীশুর আলো জ্বলে ওঠে,ভয়কে পালিয়ে যেতে হয়।

ঈশ্বরের দৃষ্টিতে আমরা মূল্যবান। চলুন আমরা আমাদের ভয় নামিয়ে রেখে মরিয়মের মতো সাড়া দিই।

(ক্রমশঃ, ৬ পাতায়)

# মহান আদেশ অংশীদারগণ

**ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)**



প্রার্থনার অনুরোধসমূহ (১৯শে ডিসেম্বর,২০২৫ থেকে ১৮ই জানুয়ারী ২০২৬ পর্যন্ত)

(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

**(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)**

## প্রশংসার বিষয়সমূহ

**ডিসেম্বর ১৯ :** আমাদের অনুবাদকগণ, সহযোগী সম্পাদকগণ, সমন্বয়কগণ, এবং তাদের পরিবারগুলির উপর আশীর্বাদের জন্য।

**দিন ২০:** আমাদের **সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল, নহিমিয় বাইবেল কলেজ এবং ডাকযোগে ঈশ্বতাত্ত্বিক পাঠক্রমের** জন্য, যারা কম সুবিধাভোগী লোকদের প্রয়োজনগুলির পরিষেবা দিচ্ছে।

**দিন ২১:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের উপর ঈশ্বরের করুণার জন্য।

**দিন ২২:** আমাদের বহুমুখী পরিচর্যাগুলির মাধ্যমে সুসমাচার অসম্প্রসারিত লোকদের কাছে পৌঁছাতে সাহায্য করার জন্য।

**দিন ২৩:** আমাদের পরিচর্যা কর্মীদের পরিবারগুলির উপর ঈশ্বরের প্রচুর আশীর্বাদের জন্য।

**দিন ২৪:** আমাদের সমস্ত কর্মীদের উপর তাঁর আশীর্বাদ বর্ষণের জন্য।

**দিন ২৫:** এ বছর আমাদের বড়দিনের সমস্ত অনুষ্ঠানগুলির উপর আশীর্বাদের জন্য।

**দিন ২৬:** জগতের ত্রাণকর্তা, প্রভু যীশু খ্রীষ্টের জন্য, যিনি আমাদের সবাইকে উদ্ধারের জন্য এই পৃথিবীতে এসেছিলেন।

**দিন ২৭:** আমাদের বরিষ্ঠ পালক এবং তাঁর পরিবারের উপর স্বর্গীয় সুরক্ষার জন্য, তাদের সমস্ত রকমের মন্দশক্তি থেকে নিরাপত্তা দানের জন্য।

**দিন ২৮:** আমাদের প্রধান মণ্ডলী এবং শাখামণ্ডলীগুলির সাণ্ডে স্কুলগুলিতে আরও অধিক শিশুদের সংযুক্ত করার জন্য।

**দিন ২৯:** এ বছরে ঈশ্বরের দাসদের স্বর্গীয় সুরক্ষাসহ আশীর্বাদ করার জন্য।

**দিন ৩০:** এ বছরে সমস্ত খ্রীষ্টিয় সংস্থাগুলিকে নির্বিঘ্নে ও ফলপ্রসূভাবে কাজ করতে দেওয়ার জন্য।

**ডিসেম্বর ৩১:** ২০২৫ সালে অলৌকিকভাবে আমাদের সমস্ত প্রয়োজনগুলি পূরণ করার জন্য।

**জানুয়ারী ০১:** ২০২৬ সালের নতুন বছরে সারা পৃথিবীর পাঠকদের মধ্যে শান্তির জন্য।

**দিন ০২ :** ঈশ্বর আরও অধিক বিশ্বাসী দ্বারা আমাদের প্রধান মণ্ডলী এবং শাখামণ্ডলীগুলিকে আশীর্বাদ করার জন্য।

**দিন ০৩ :** ঈশ্বর আরও অধিক বিশ্বাসী দ্বারা আমাদের প্রধান মণ্ডলী এবং শাখামণ্ডলীগুলিকে আশীর্বাদ করার জন্য।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ৪: আমাদের কন্নড় সহযোগী সম্পাদক রেভা. আর. রামাকৃষ্ণ এবং তাঁর স্ত্রীর সাম্প্রতিক অসুস্থতার দ্রুত আরোগ্যের জন্য।**

**দিন ৫:** পৃথিবীর নেতৃবৃন্দ যেন স্বর্গীয় প্রজ্ঞায় পূর্ণ হয় এবং জনগণের কল্যাণের জন্য কাজ করে।

**দিন ৬:** আমাদের সেন্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের এবং নহিমিয় বাইবেল কলেজগুলির শিক্ষার্থীদের স্বর্গীয় সুরক্ষার জন্য।

**দিন ৭:** আমাদের সংস্থার জন্য উপযুক্ত কর্মীদের জন্য।

**দিন ৮:** খ্রীষ্টি বিশ্বাসীরা যেন ঈশ্বরের বাক্য অনুসরণ করে এবং খ্রীষ্টের মতো চরিত্র প্রদর্শন করে।

**দিন ৯:** এ মাসে আমাদের প্রয়োজনগুলির বিষয় ঈশ্বরের প্রতিবিধানের জন্য।

**দিন ১০:** আমাদের পরিচর্যার অংশীদারদের এবং রাজ্য সমন্বয়কদের কার্যকলাপের সাফল্যের জন্য।

**দিন ১১:** আমাদের পরিচর্যাগুলির সম্প্রসারণ এবং বিশ্বব্যাপী সুসমাচার প্রচারের জন্য।

**দিন ১২:** পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারের সদস্যরা যেন ২০২৬ সালে তাঁর পরাক্রমী হস্তের নীচে থাকেন।

**দিন ১৩: সমস্ত মন্দ শক্তির হাত থেকে সব চার্চগুলির স্বর্গীয় সুরক্ষার জন্য।**

**দিন ১৪:** সমস্ত দেশগুলির মধ্যে শান্তি এবং অর্থনৈতিক বিকাশের জন্য।

**দিন ১৫:** সারা বিশ্বব্যাপী খ্রীষ্টিয় শিক্ষা প্রতিষ্ঠানগুলির উত্তম মর্যাদা বজায় থাকার জন্য।

**দিন ১৬:** সমস্ত মণ্ডলীগুলি এবং খ্রীষ্টিয় সংস্থাগুলি যেন সরকারের কাছে বৈধভাবে নথিভুক্ত হয়।

**দিন ১৭:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের উপর ঈশ্বরের আশীর্বাদের জন্য।

**দিন ১৮:** ২০২৬ সালে বিশ্বব্যাপী সুস্বাস্থ্য, শান্তি এবং সমৃদ্ধির জন্য।

**"আমি প্রভুর দাসী...আপনি যে রকম বললেন, আমার প্রতি সেই রকমই হোক"** (লূক ১:৩৮)।



যদি ঈশ্বরের কর্তৃত্বের কাছে আমরা সমর্পিত হই;তাহলে তাঁর প্রতিটি প্রতিশ্রুতি আমাদের জীবনে সম্পূর্ণ হবে

যখন আমরা ঈশ্বরের কর্তৃত্বের কাছে আত্মসমর্পণ করি, তিনি যা প্রতিশ্রুতি দিয়েছেন, তা সম্পূর্ণরূপে পূরণ হবে।

ভয় পাবেন না, বাহিনীগণের সদাপ্রভু আপনার আগে যাবেন। তিনি আপনার হয়ে যুদ্ধ করবেন।

যীশুকে আঁকড়ে ধরুন; তিনি আমাদের ভয়ের থেকে বৃহত্তর।

## ৪। আলো আমাদের পরবর্তী পদক্ষেপ দেখায়

আমাদের ভবিষ্যৎকে ভয় করার দরকার নেই, কারণ প্রভু আগে থেকেই পথ তৈরী করেন।

**"তোমার বাক্য আমার চরণের প্রদীপ, আমার পথের আলো"** (গীত ১১৯:১০৫)।

ঈশ্বর একবারে পুরো পথ দেখান না— কিন্তু তিনি সর্বদা পরবর্তী পদক্ষেপটি দেখান। একবারে এক ধাপ!



ঈশ্বর একবারে পুরো পথ দেখান না-কিন্তু তিনি সর্বদা পরবর্তী পদক্ষেপটি দেখান

যখন জীবন বিভ্রান্তিকর লাগে, যখন সব কিছু অন্ধকার মনে হয় এবং আমরা নিজেদেরকে জিজ্ঞাসা করি, "প্রভু কেন আমি?", তখন দাউদের কথাগুলো মনে রাখি:

**"তুমি, হে সদাপ্রভু, আমার প্রদীপ জ্বালিয়ে রাখো; আমার ঈশ্বর আমার অন্ধকার আলো করে"** (গীত ১৮:২৮)।

যখন আমরা নতুন বছরে পা রাখি, আপনার পরিবার, পরিচর্যা কাজ এবং কর্মজীবনের জন্য ঈশ্বরের দিক নির্দেশনা যাচ্ঞা করুন।

তাঁকে জিজ্ঞাসা করুন — কারণ কেবলমাত্র তিনিই ভবিষ্যৎ ধারণ করেন।

যিশাইয় পুস্তকে ঈশ্বর চ্যালেঞ্জ জানিয়েছেন:

**"তাহলে আমার মতো আর কে আছে? সে সেকথা ঘোষণা করুক। সে তা বলুক ও আমার সামনে উপস্থাপন করুক; আমার পুরাকালের লোকদের স্থাপন করার সময় কী ঘটেছিল, আর ভবিষ্যতেই বা কী ঘটবে, হ্যাঁ সে আগাম বলুক, ভাবীকালে কী ঘটবে?"** (যিশাইয় ৪৪:৭)।

প্রিয়বন্ধু, ২০২৬ সালে প্রবেশ করার আগে আসুন আমরা ঈশ্বরকে অনুরোধ করি যেন তিনি তাঁর আলো আমাদের উপর ছড়িয়ে দেন এবং আমাদের জীবন, আমাদের সন্তানদের জীবন ও আমাদের উদ্দেশ্য সম্পর্কে তাঁর পরিকল্পনাগুলো প্রকাশ করেন। তিনি বিশ্বস্তভাবে আমাদের সামনে কী আছে তা দেখিয়ে দেবেন।

## ৫। আলো আমাদের রক্ষা করে এবং প্রতিরক্ষা করে

**"হে আমার শত্রু, আমাকে নিয়ে খুশি হোয়ো না! আমি পড়ে গেলেও, আমি আবার উঠব। যদি আমি অন্ধকারেও বসি, সদাপ্রভু আমার জ্যোতি হবেন"** (মীখা ৭:৮)।

কি শক্তিশালী প্রতিশ্রুতি! আমরা লজ্জা, হতাশা বা নিরাশার মধ্যে থাকলেও — আমরা আবার উঠব, কারণ সদাপ্রভুই আমাদের আলো।

হয়তো ২০২৫ আপনার সেরা বছর ছিল না, কিন্তু মনে রাখুন ঈশ্বরের সাহায্যে আপনি আবার উঠতে পারেন। আপনি যা হারিয়েছেন, ঈশ্বর তা পুনরুদ্ধার করতে পারেন—যদি আপনি তাঁর প্রতি বিশ্বস্ত থাকেন।

যখন ইস্রায়েলীয়রা লোহিত সাগরের সামনে দাঁড়িয়েছিল- দুইপাশে পাহাড় এবং পেছনে ফরৌণের বাহিনী - তখন ঈশ্বরের উপস্থিতি তাদের রক্ষা করতে এগিয়ে এলো।

**"ঈশ্বরের যে দূত ইস্রায়েলী সৈন্যদলের আগে আগে যাচ্ছিলেন, তিনি তখন সরে গিয়ে তাদের পিছনে চলে গেলেন। মেঘস্তম্ভও তাদের সামনে থেকে সরে গেল এবং তাদের পিছনে গিয়ে, মিশর ও ইস্রায়েলের সৈন্যদলের মাঝখানে চলে এল। সারারাত মেঘ একদিকে**

(ক্রমশঃ, ৯ পাতায়)

নহিমিয় বাইবেল কলেজসমূহ
শিক্ষাগত যোগ্যতা: ১০ম শ্রেণী এবং তদূর্ধ্ব
চীপক্ এবং সন্তোষপুরম্, ভেলাচেরী চেন্নাই
ভর্তির জন্য সত্বর যোগাযোগ করুন! মাধ্যম: তামিল (আংশিক সময়),হিন্দি: (আবাসিক) (সন্তোষপুরমে সুপ্রাপ্য),
ঈশতত্বে ডিপ্লোমা & Bachelor of Theology
আন্তর্জাতিক খ্রীষ্টান নের্তৃবৃন্দ এবং সিনিয়র পাস্টরদের দ্বারা 56 বছর যাবৎ স্বীকৃত
নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করুন:
The Chaiman: Nehemiah Bible College, Echo of his Call.
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

## MAIN CHURCH PROGRAMMES

1. Prayer Service : 24 hours
2. **ECHO OF HIS CALL** - Monthly Magazines :English, Tamil, Malayalam, Telugu, Hindi, Kannada, Marathi, Gujarati, Bengali, Odiya, Nepali, Assamese, Punjabi, Urdu, Sinhala & Afrikan.
3. **BIBLECOR** - Basic Bible Courses (English, Tamil & Hindi)
4. Theological Correspondence Courses: English & Tamil
5. Nehemiah Bible Colleges (Chepauk, Santhoshapuram & Velachery)
6. Branch Churches: Santhoshapuram, Balaji Nagar & Velachery
7. Great Commission Partners (Network of Pastors)
8. Training Programmes – Seminars & Retreats
9. Crusades
10. Literature Distribution and Follow Up
11. Gospel Printing Press – Publications
12. St. Paul's Matriculation School - Village English High School
13. Sunday Schools (Chepauk) : 10.30 a.m. Sunday & (Velachery, Balaji Nagar & Santhoshapuram) 3.00 p.m. Sunday

| | | |
|---|---|---|
| 14. **Early Morning Service** | : | **5.30 a.m. Sunday** |
| 15. **Preliminary Service** | : | **8.00 a.m. Sunday** |
| 16. **Tamil Service** | : | **8.30 a.m. Sunday** |
| 17. **Youth Meeting** | : | **11.00 a.m. Sunday** |
| 18. **Fellowship Lunch** | : | **1.00 p.m. Sunday** |
| 19. **Telugu Service** | : | **4.00 p.m. Sunday** |
| 20. **Hindi Service** | : | **5.00 p.m. Sunday** |
| 21. **Tamil & English Service** | : | **6.00 p.m. Sunday** |
| 22. Feedback Time | : | 7.30 p.m. Sunday |
| 23. Women's Prayer | : | 5.30 p.m. Wednesday |
| 24. Men's Prayer | : | 7.30 p.m. Friday |
| 25. Discipleship Meeting | : | 6.00 p.m. Saturday |
| 26. House Meetings | : | 6.30 p.m. Tuesday & Thursday |
| 27. Special Holy Communion | : | 6.00 a.m. 1st day of each month |
| 28. Ministers' Meeting | : | 5.30 p.m. First Saturday |
| 29. Parents' Prayer | : | 4.00 p.m. First Sunday |
| 30. Night Prayer | : | 9.30 p.m. Third Friday |
| 31. Fasting Prayer | : | 9:30 a.m. Second Saturday |
| 32. Holy Communion | : | Second Sunday Service |
| 33. Youth / Kid Prayer | : | 10.00 p.m. daily (over phone) |
| 34. Staff Devotion | : | 9.00 a.m. daily |
| 35. Office | : | 9.00 a.m. to 9.00 p.m. (except Sundays) |

### কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

**১। বাইবেলকোর**

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্বাদ পাবেন।

**২। ডাক মারফত ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রম**

থিওলজিকাল করেসপণ্ডেন্স কোর্স নামে অভিহিত অ্যাডভান্স্‌ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

*বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।*

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, **Post Box 2957**
CHEPAUK, CHENNAI - 600 005.
**Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,**
**Cell : 98410 71852, 95661 31858**
**E.mail : biblecor@yahoo.co.in**

বিনামূল্যে মাসিক পত্রিকা
### আহ্বানের প্রতিধ্বনি
লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | | |
|---|---|---|
| **Account Name** | : | **ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | : | **1023 2923 805** |
| **Bank Name** | : | **STATE BANK OF INDIA** |
| **Branch** | : | **TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | : | **SBIN 0000249** |
| **SWIFT Code** | : | **SBI NIN BB 455** |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

**(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)**

**"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)**

## গৌরবময় ঈশ্বর

"তোমরা পীড়িতদের সুস্থ কোরো, মৃতদের উত্থাপন কোরো, যাদের কুষ্ঠরোগ আছে, তাদের শুচিশুদ্ধ কোরো, ভূতদের তাড়িও। তোমরা বিনামূল্যে পেয়েছ, সেইরূপ বিনামূল্যই দান কোরো" (মথি১০:৮)।

অনেক আগের দিনগুলো থেকেই, ঈশ্বর আমার পরচর্যা জীবনে অসাধারণ আশ্চর্য ও অলৌকিক কাজ করেছেন। সংকটের মুহূর্তে তিনি তাঁর পবিত্র স্বর্গদূতদের পাঠিয়েছেন। সংকটের মুহূর্তে তিনি তাঁর পবিত্র স্বর্গদূতদের আমাকে সাহায্য করতে পাঠিয়েছেন। যখনই আমি তাঁকে ডেকেছি, তিনি যেভাবে আমাকে সাহায্য করেছেন,তা ছিল ঈশ্বরের ক্ষমতারই প্রকাশ।

১৯৯৩ সালে, একদিন কেউ আমাকে ফোন করে জানালেন যে মাদ্রাজ (চেন্নাই) শহর থেকে প্রায় ৩৫ কিলোমিটার দূরে বসবাসকারী এক মহিলা,মিসেস রোজ মেরি,অনেক বছর ধরে দুষ্ট আত্মার আক্রমনে ভুগছেন। এই কারণে তার জীবন চরম কষ্টে পড়ে। তিনি সঠিকভাবে খাবার খেতে পারতেন না;কয়েকবার আত্মহত্যা করার চেষ্টা করেছিলেন; তাকে নিয়ন্ত্রণ করা কঠিন হয়ে পড়েছিল। অবশেষে তাকে বেঁধে আলাদা ঘরে রাখতে বাধ্য হয় পরিবার।

তার পরিবার যখন তার মুক্তির জন্য প্রার্থনা করতে আমাকে ডাকে,আমি কিছুক্ষণ প্রার্থনায় সময় কাটাই,আত্মিক প্রস্তুতি গ্রহণ করি,তারপর সেই স্থানে যাত্রা করি। আমি বাড়িতে পৌঁছানোর আগেই কিছুটা দুষ্ট আত্মার বিরোধ অনুভব করতে পারছিলাম। এই কারণে আমি শারীরিক ও মানসিকভাবে আক্রমণের শিকার হচ্ছিলাম।

আমি যখন সেই বাড়িতে প্রবেশ করি,তখন সেই মহিলার হাত খুলে দেওয়ার অনুরোধ করি। হাত মুক্ত হওয়া মাত্রই তিনি দৌড়ে বেরিয়ে যাওয়ার চেষ্টা করেন। তিনি অচেনা ভাষায় কথা বলতে শুরু করেন এবং বাড়ি থেকে পালাতে চাইছিলেন। যদিও তখন আমি ছিলাম একজন তরুণ বিশ্বাসী, তবুও আমাদের প্রভু যীশু খ্রীষ্টের নামে তিনি যে দুষ্ট আত্মগ্রস্ত নারী ছিলেন,তা জেনে প্রভু আমাকে বিশেষ সাহস ও শক্তি দেন।

সম্পূর্ণ বিশ্বাস নিয়ে যখন আমি প্রভু যীশুর নামে দুষ্ট আত্মাকে তিরস্কার করলাম এবং সেই আত্মাকে ওই মহিলার কাছ থেকে বেরিয়ে যেতে আদেশ দিলাম, তখনই মহিলাটি আরও উত্তেজিত হয়ে উঠল। তার আচরণ অনিয়ন্ত্রিত হয়ে গেল; তিনি ছাদের তক্তা ভেঙে ফেললেন এবং তার হাত পা এদিক-ওদিক নাড়তে লাগলেন। তাকে কেউ নিয়ন্ত্রণে আনতে পারছিল না। বাড়ির সবাই হতবাক হয়ে আমার দিকে তাকিয়ে ছিল। কিন্তু আমি অনুভব করতে পারছিলাম যে ঈশ্বরের শক্তি খুব শিঘ্রই সেখানে প্রকাশ পাবে।



অবশেষে, আমি আবার মুখ খুলে দুষ্ট আত্মাকে আদেশ করলাম: "শয়তান! এই মহিলাকে যন্ত্রণা দেওয়ার তোমার কোনো অধিকার নেই। আমি প্রভু যীশু খ্রীষ্টের নামে তোমাকে আদেশ দিচ্ছি — এই মুহূর্তে এই মহিলার মধ্যে থেকে বের হয়ে যাও এবং তাকে আর কখনো স্পর্শ করো না!"

আমি যীশু খ্রীষ্টের নামে তাকে চুপ থাকতে এবং ঐ মহিলাকে অবিলম্বে ছেড়ে দিতে বললাম। সঙ্গে সঙ্গে সে চিৎকার থামিয়ে দিল এবং মৃতদেহের মতো মাটিতে লুটিয়ে পড়ল। তখন আমি তার মাথায় হাত রেখে প্রভুর কাছে তার জন্য নতুন ও সতেজ জীবনের জন্য প্রার্থনা করলাম। অবিলম্বে সে

চেতনা ফিরে পেল এবং সবাইকে আশ্চর্য করে স্বাভাবিকভাবে সকলকে দেখতে লাগল। সেই সময় থেকেই সে দুষ্ট আত্মার কবল থেকে সম্পূর্ণ মুক্ত হয়ে যায় এবং স্বাভাবিক খ্রীষ্টিয় জীবনযাপন শুরু করে।

প্রিয় পাঠকবৃন্দ,সেই একই যীশু খ্রীষ্ট আজও জীবিত, তিনি আপনার এবং আমার জন্য উপলব্ধ। তিনি আপনার জীবনে যে কোনও অলৌকিক কাজ করতে পারেন! কেবল তাঁকে গ্রহণ করুন, আপনার পাপ স্বীকার করুন এবং তাঁকে অনুসরণ করুন। প্রভু আমাকে পৃথিবীর বহু স্থানে নিয়ে গিয়েছেন, যেখানে তিনি তাঁর বাক্যকে আশ্চর্য সব চিহ্ন ও মহিমার দ্বারা সত্য প্রমাণ করেছেন। তিনি আপনাকে খুব ভালোবাসেন;তাঁর আপনাকে প্রয়োজন। প্রিয় বন্ধু, ঈশ্বর আপনাকে আশীর্ব্বাদ করুন।

*************

(৬ পাতার পর)



সারারাত মেঘ একদিকে অন্ধকার ও অন্যদিকে আলো নিয়ে এসেছিল

**অন্ধকার ও অন্যদিকে আলো নিয়ে এসেছিল; তাই সারারাত তারা কেউই অন্য দলের কাছে যায়নি"** (যাত্রা ১৪: ১৯-২০)।

ঈশ্বর তাঁর লোকদের এবং তাদের শত্রুদের মাঝে দাঁড়িয়েছিলেন—আগুনের স্তম্ভের মাধ্যমে আলো ও সুরক্ষা দিয়েছিলেন।

ঈশ্বর সারা রাত ধরে তাঁর আলো ছড়িয়ে ইস্রায়েলীয়দের রক্ষা করেছিলেন এবং ফরৌণের সৈন্যদের থেকে তাদের প্রতিরক্ষা করছিলেন - যতক্ষণ না ঈশ্বরের লোকেরা নিরাপদে পৌঁছায়।

প্রিয় ভাই ও বোনেরা, সদাপ্রভু আপনাদের আগে আগে চলছেন। তিনি আপনাদের বাঁকা পথগুলো সোজা করে দেবেন। যদি প্রয়োজন হয়, তিনি আপনাদের পশ্চাতেও হাঁটবেন—তিনি তা করবেন।

এই সত্যটি বোঝাতে একটি সুন্দর ইহুদি গল্প আছে:

একজন বাবা ও তাঁর ছোট ছেলে একটি নির্জন পথে হাঁটছিলেন। সামনে একজন ডাকাত দেখা দিলে বাবা তাঁর ছেলেকে নিজের পিছনে নিয়ে এলেন তাকে রক্ষা করার জন্য। পরে যখন পিছন দিক থেকে একটি হিংস্র পশু এগিয়ে আসলো,তখন বাবা ছেলেকে সামনে নিয়ে এলেন। আর যখন দুই দিক থেকেই বিপদ এগিয়ে এলো, তখন তার বাবা তাকে কাঁধে তুলে নিয়ে নিরাপদ স্থানে পৌঁছে দিলেন।



বাবা তাকে কাঁধে তুলে নিয়ে নিরাপদ স্থানে পৌঁছে দিলেন।

ঠিক এইভাবে, আমাদের স্বর্গীয় পিতাও আমাদের রক্ষা করেন। তিনি জানেন কখন আমাদের সামনে যেতে হয়, কখন পিছনে দাঁড়াতে হয় এবং কখন আমাদের তুলে নিয়ে চলতে হয়।

ঈশ্বরকে আপনার যুদ্ধগুলো লড়তে দাও। তিনি হলেন বাহিনীগণের সদাপ্রভু।

**উপসংহার:** আলো জ্বলে—তাই আমরাও আলো হতে পারি।

ঈশ্বর আমাদের আলো, কিন্তু তিনি আমাদেরকেও এই অন্ধকার পৃথিবীতে আলোর বাহক হতে আহ্বান করেছেন।

**"... যিনি তোমাদের অন্ধকার থেকে আহ্বান করে তাঁর আশ্চর্য জ্যোতির মধ্যে নিয়ে এসেছেন"** (১ পিতর ২:৯)।

**"একইভাবে, তোমাদের দীপ্তি মানুষদের সাক্ষাতে উদ্দীপ্ত হোক, যেন তারা তোমাদের সৎ কর্মগুলি দেখে তোমাদের স্বর্গস্থ পিতার প্রশংসা কীর্তন করে"** (মথি ৫:১৬)।

আমাদের জীবনে ঈশ্বরের মঙ্গল ও সত্যকে প্রতিফলিত করা উচিত। আপনার কথার চেয়ে আপনার কাজ যেন বেশি জোরে কথা বলে — আপনার দয়া, সদাচরণ ও সততার মাধ্যমে।

প্রিয় বন্ধুরা, আপনারা হয়তো জানেন না ২০২৬ সালে কী অপেক্ষা করছে, কিন্তু আপনি তাঁকে বিশ্বাস করতে পারেন যিনি তা ধারণ করেন।

ভয় পাবেন না। ঈশ্বরের আলো যেন আপনার জীবনের প্রতিটি অংশে ছড়িয়ে পড়ে।

**"অতএব, কালকের বিষয়ে দুশ্চিন্তা কোরো না, কারণ কাল স্বয়ং নিজের বিষয়ে দুশ্চিন্তা করবে..."** (মথি ৬:৩৪)।

আজ আপনি বোঝা বহন করছেন, সেগুলোর মধ্যেও খ্রীষ্টের আলো জ্বলুক।

যীশুকে স্মরণ করুন, তিনি হলেন বিশ্বের আলো। তাঁর শক্তি আপনার যে কোনো ভয়, অনিশ্চয়তা বা বিরোধীতার চেয়ে অনেক বড়।

তাঁর শান্তি আপনার সমস্ত সমস্যার চেয়েও গভীর।

**"কারণ তোমাতেই আছে জীবনের উৎস, তোমার আলোতে আমরা আলো দেখি"** (গীত ৩৬:৯)।

*************

## বিজ্ঞপ্তি

**আমাদের মোবাইল নম্বর আপনার মোবাইলে সেভ সেভ করে রাখুন**

(+91) 98410 71858,

(+91) 98412 71858 — সম্পাদক

Posted at "Egmore RMS Patrika Channel" RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/24-26 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/24-26

## Echo of His Call

**YouTube**

Please subscribe

Kindly view and subscribe our **Echo of His Call YouTube Channel** when you get time. Thanks.

- Editor

## OUR BANK DETAILS:

### *1. Bank : State Bank of India*

| | | |
|---|---|---|
| Branch | : | **Triplicane, Chennai-5** |
| Name | : | **S. Sam Selva Raj** |
| A/C No. | : | **1023 2934 679** |
| IFSC | : | **SBIN 00 00 249** |
| SWIFT CODE | : | **SBI NIN BB 455** |

### *2. Bank : ICICI Bank*

| | | |
|---|---|---|
| Branch | : | **Anna Salai, Chennai-6** |
| Name | : | **Echo of His Call** |
| A/C No. | : | **6038 0502 2319** |
| IFSC | : | **ICIC 000 6038** |

### *3. Bank : State Bank of India*

**(This Account is for Tax Exemption for Indians only )**

| | | |
|---|---|---|
| Branch | : | **Triplicane, Chennai-5** |
| Name | : | **Echo of His Call Educational Trust** |
| A/C No. | : | **1023 2923 805** |
| IFSC | : | **SBIN 00 00 249** |

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**

*****

**E.mail : sam@echoofhiscall.org**

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

**ECHO OF HIS CALL**

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA.
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852, 95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.org

**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

RNI NO. 70104/98
Postal Regn. No. TN/CH/(C)/205/24-26
WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/24-26
Date of Publication: Second week of every month
Date of Posting : 13th & 14th of every month
Posted at "Egmore RMS Patrika Channel"
on 15th DECEMBER 2025
If un-delivered please return to:
**ECHO OF HIS CALL (BENGALI)**
P.O. Box No. 2957,
Chepauk, Chennai - 600 005, INDIA.
Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766

*JESUS LOVES YOU!*

To

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**